

আয-যুখরুফ | Az-Zukhruf | الزُّخْرُف

আয়াতঃ ৪৩ : ৮৯

আরবি মূল আয়াত:

فَاصْفَحْ عَنْهُمْ وَقُلْ سَلَامٌ ۚ فَسَوْفَ يَعْلَمُونَ ﴿٨٩﴾

অনুবাদসমূহ:

অতএব তুমি তাদেরকে এড়িয়ে চল এবং বল, 'সালাম'; তবে তারা শীঘ্রই জানতে পারবে। — আল-বায়ান

কাজেই তুমি তাদের থেকে মুখ ফিরিয়ে নাও আর বল- (তোমাদের প্রতি) সালাম। শীঘ্রই তারা জানতে পারবে (তাদের আচরণের পরিণতি কী)। — তাইসিরুল

সুতরাং তুমি তাদেরকে উপেক্ষা কর এবং বলঃ সালাম! তারা শীঘ্রই জানতে পারবে। — মুজিবুর রহমান

So turn aside from them and say, "Peace." But they are going to know. —
Sahih International

৮৯. কাজেই আপনি তাদেরকে উপেক্ষা করুন এবং বলুন, সালাম, অতঃপর তারা শীঘ্রই জানতে পারবে।

তাকসীরে জাকারিয়া

(৮৯) সুতরাং তুমি ওদেরকে উপেক্ষা কর এবং বল, 'শান্তির সম্ভাষণ (সালাম)।'[1] ওরা শীঘ্রই (এর শেষ ফল) জানতে পারবে।

[1] এ সালাম হল সম্পর্কচ্ছেদ করার সালাম। যেমন, সূরা ক্বাসাস ৫৫ আয়াত {سَلَامٌ عَلَيْكُمْ لَا نَبَغِي الْجَاهِلِينَ} এবং সূরা ফুরকান ৬৩ আয়াত {قَالُوا سَلَامًا} -এ রয়েছে। অর্থাৎ, দ্বীনের ব্যাপারে আমার ও তোমাদের পথ ভিন্ন ভিন্ন। তোমরা যদি ফিরে না এসো তো ঠিক আছে, তোমরা তোমাদের কাজ করে যাও, আমিও আমার কাজ করে যাচ্ছি। অতঃপর অতি সত্বর জেনে নেবে যে, কে সত্যবাদী, আর কে মিথ্যাবাদী।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4414>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন